



রেজিস্ট্রার-এর কার্যালয়

মাওলানা ভাসানী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়



সন্তোষ, টাঙ্গাইল-১৯০২ ফোন : ০২৯৯৭৭৫৩০১১, টেলি-ফ্যাক্সঃ ০২৯৯৭৭৫৩০১৩

সূত্রঃ মাভাবিপ্রবি/রেজিঃ/সংস্থাপন-২/পি-২৭/ ১২৭৪

তারিখ : ১৬/৫/২০২৬

২য় কারণ দর্শানো নোটিশ

যেহেতু, আপনি সরদার মোঃ আব্দুল জব্বার মাওলানা ভাসানী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের এনভায়রনমেন্টাল সায়েন্স এন্ড রিসোর্স ম্যানেজমেন্ট বিভাগে প্রভাষক হিসেবে কর্মরত অবস্থায় ০১/০৫/২০০৭ তারিখে কানাডাছ University of Toronto Scarborough তে PhD. Program এ অধ্যয়নের জন্য ০১ (এক) বছরের শিক্ষা ছুটি নিয়ে তথায় গমন করেন। পরবর্তীতে আপনার আবেদনক্রমে শিক্ষা ছুটির মেয়াদ পর্যায়ক্রমে ৩০/০৪/২০১৩ তারিখ পর্যন্ত বর্ধিত করা হয়। আপনার শিক্ষা ছুটির মেয়াদ গত ৩০/০৪/২০১৩ তারিখে শেষ হয় এবং সে অনুযায়ী ০১/০৫/২০১৩ তারিখে বিশ্ববিদ্যালয়ের কর্তব্যকাজে আপনার যোগদান করার কথা থাকলেও আপনি কর্তৃপক্ষের অনুমতি ব্যতিরেকে অব্যাহতভাবে কর্মস্থলে অনুপস্থিত রয়েছেন; এবং

২. যেহেতু, আপনার বিরুদ্ধে রুজুকৃত ০৪/২০১৯ নং বিভাগীয় মামলার অভিযোগ বিবরণীসহ ২৩ এপ্রিল ২০১৯ তারিখে মাভাবিপ্রবি/রেজিঃ/সংস্থাপন-২/পি-২৭/১১১৮নং সূত্রে অভিযোগনামা জারী করতঃ ১০ (দশ) কার্যদিবসের মধ্যে যথাপযুক্ত কারণ দর্শানোর জন্য আপনার স্থায়ী ও বর্তমান ঠিকানায় ডাকযোগে, ই-মেইল যোগে এবং দৈনিক আমাদের নতুন সময় ও The daily observer পত্রিকায় বিজ্ঞপ্তির মাধ্যমে নির্দেশনা দেয়া সত্ত্বেও আপনি কোন জবাব দাখিল করেননি; এবং

৩. যেহেতু, আপনি অভিযোগনামা ও অভিযোগ বিবরণীর জবাব দাখিল করেননি এবং ব্যক্তিগত শুনানী গ্রহণের জন্য অনুরোধ করেননি, এমতাবস্থায় আপনার বিরুদ্ধে বর্ণিত বিভাগীয় মামলায় গুরুদত্ত আরোপের পর্যাণ্ড ভিত্তি রয়েছে মর্মে প্রতীয়মান হওয়ায় ন্যায়বিচারের স্বার্থে সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮-এর বিধি ৭(৩) অনুযায়ী আনীত অভিযোগ তদন্তের জন্য অধ্যাপক ড. শরীফ এনামুল কবীর, রসায়ন বিভাগ, জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়, সাভার, ঢাকা ও সদস্য, রিজেন্ট বোর্ড, মাওলানা ভাসানী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়কে আহবায়ক নিযুক্ত করে একটি তদন্ত বোর্ড গঠন করা হয়; এবং

৪. যেহেতু, আপনার বিরুদ্ধে আনীত অভিযোগসমূহ তদন্তের জন্য বিধি মোতাবেক তদন্ত বোর্ড গঠন করা হয় এবং তদন্ত বোর্ডের ০৯ জানুয়ারী ২০২৩ তারিখের তদন্ত প্রতিবেদন অনুযায়ী আপনার বিরুদ্ধে সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮-এর বিধি ৩-এর উপবিধি (গ) অনুযায়ী গঠিত পলায়ন (Desertion) এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়েছে; এবং

৫. যেহেতু, নথিপত্র পর্যালোচনায় এবং তদন্ত প্রতিবেদনে প্রদত্ত মতামতের আলোকে আপনার বিরুদ্ধে সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮-এর ৩(গ) উপবিধি মোতাবেক পলায়ন (Desertion) এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়ায় এই অভিযোগে দোষী সাব্যস্ত করে বিধি ৪ এর উপবিধি (খ) অনুযায়ী আপনার বিরুদ্ধে গুরুদত্ত আরোপের সিদ্ধান্ত গৃহীত হয়;

৬. সেহেতু, আপনি সরদার মোঃ আব্দুল জব্বার, প্রভাষক, এনভায়রনমেন্টাল সায়েন্স এন্ড রিসোর্স ম্যানেজমেন্ট বিভাগ, মাওলানা ভাসানী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের বিরুদ্ধে সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮-এর ৩(গ) উপবিধি মোতাবেক পলায়ন (Desertion) এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়ায় এবং আপনার বিরুদ্ধে গুরুদত্ত আরোপের সিদ্ধান্ত গৃহীত হওয়ায়, সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮-এর ৪(৫)(ঘ) এর আলোকে বিধি ৪(৩) এর উপবিধি (ঘ) মোতাবেক কেন “চাকুরী হইতে বরখাস্তকরণ (Dismissal From Service)” দস্ত প্রদান করা হবে না তার জবাব একই বিধিমালার বিধি ৭(৯) মোতাবেক অত্র নোটিশ প্রাপ্তির ১৫ (পনের) কার্যদিবসের মধ্যে লিখিতভাবে নিম্নস্বাক্ষরকারীর নিকট জানানোর জন্য নির্দেশ দেয়া হলো।

সংযুক্তিঃ তদন্ত প্রতিবেদনের অনুলিপি ০২ (দুই) পাতা।

(ড. মোহঃ তৌহিদুল ইসলাম) ১৬/৫/২০২৬

রেজিস্ট্রার

মাওলানা ভাসানী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

সন্তোষ, টাঙ্গাইল।

প্রাপক,

জনাব সরদার মোঃ আব্দুল জব্বার
প্রভাষক
এনভায়রনমেন্টাল সায়েন্স এন্ড রিসোর্স
ম্যানেজমেন্ট বিভাগ
মাওলানা ভাসানী বিজ্ঞান ও প্রযুক্তি
বিশ্ববিদ্যালয়
সন্তোষ, টাঙ্গাইল- ১৯০২
jabheresrm@yahoo.com

Mr. Sardar M. A. Jabber
3702-2371 LAM CIRCLE
VICTORIA, BRITISH
COLUMBIA V8N6K8,
CANADA

জনাব সরদার মোঃ আব্দুল জব্বার
প্রযত্নে : সরদার মোঃ রফিক উদ্দিন
গ্রাম : বালিয়াডাঙ্গী
ডাকঘর : নাজিরগঞ্জ
উপজেলা : সূজানগর
জেলা : পাবনা।

জনাব সরদার মোঃ আব্দুল জব্বার
প্রযত্নে : মোঃ কামরুজ্জামান
বাড়ী নং # ৩৫৮
রোড নং # ৪, ফ্ল্যাট # ৫(বি)
বায়তুল আমান হাউজিং সোসাইটি
আদাবর, ঢাকা।